



ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

ফরেন এক্সচেঞ্জ শাখা, ২০, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স দ্যা ভিক্সি কালেকশন (বি.ডি) নামীয় ব্যবসা প্রতিষ্ঠানের প্রোপ্রাইটর জনাব জি.এম. খোকন খান, পিতা : মরহুম মানিক খান, ব্যবসায়িক ঠিকানা- স্যুট নং-৪-এইচ, বাড়ি নং- ২২, রোড নং-১১৯, গুলশান-২, ঢাকা- ১২১২, বাসস্থানের ঠিকানা- ফ্ল্যাট নং- বি-২(সি), বাড়ি নং-০৭, রোড নং-১২১, গুলশান, ঢাকা-১২১২ কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ফরেন এক্সচেঞ্জ শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে ঋণগ্রহীতা জি.এম. খোকন খান তাহার মালিকানধীন নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখিয়াছেন এবং রেজিস্ট্রিকৃত আমমোজার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করিয়াছেন। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০২.০৪.২০১৭ইং তারিখ পর্যন্ত ঋণ হিসাবে বকেয়া স্থিতি বাবদ ব্যাংকের পাওনা মোট ১৯,৩৭,৮২,১৯৮.৪২ (উনিশ কোটি সাঁইত্রিশ লক্ষ বিরাশি হাজার একশত আটানব্বই টাকা বিয়াল্লিশ পয়সা) টাকাসহ অন্যান্য আনুষঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সিলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

জেলা-গাজীপুর, থানা-জয়দেবপুর, সাব-রেজিস্ট্রি অফিস-গাজীপুর সদর, তোঁজী নং-২৭, জে.এল. নং- সাবেক ৫৩৬, হালে ৫১, মৌজা-মিরপুর, খতিয়ান নং-সি.এস.-১৭২, এস.এ.-৩৫৫, আর.এস-৪৭৯, খারিজা জোত নং-১২৩৯, সি.এস. ও এস.এ. ৩৫২ নং দাগের সামিল আর.এস. ৭৬৬ নং দাগের ১৮৭ শতাংশ জমি এবং সি.এস. ও এস.এ. ৩৫১ নং দাগের সামিল আর.এস. ৭৬৫ নং দাগের ১১ শতাংশ ভূমি, উক্ত দুই দাগের মোট ১ একর ৯৮ শতাংশ জমির আন্দর সি.এস. ও এস.এ. ৩৫২ নং দাগের সামিল আর.এস. ৭৬৬ নং দাগের কাতে ১০ শতাংশ জমি এবং তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদি যাহার চৌহদ্দি- উত্তরে- ঢাকা-টাঙ্গাইল রোড, দক্ষিণে- রাস্তা, পূর্বে- ইব্রাহিম খলিল এবং পশ্চিমে- রাস্তা।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ১৫.০৫.২০১৭ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ফরেন এক্সচেঞ্জ শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্বঃ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানতস্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ফরেন এক্সচেঞ্জ শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে
- (৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার ওপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথা- পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদিসহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবি থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব, স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ফরেন এক্সচেঞ্জ শাখা, দিলকুশা, ঢাকা।